

ঢাকা ওয়াসা

নথি নংঃ ৪৬.১১৩.৬২৬.০০.০০.১৪৫.২০২৫

সংযুক্তিঃ ১। ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের কপি।

সংযুক্তিঃ ২। ২০২৫-২০২৬ ইং অর্থ বছরের ক্রয় পরিকল্পনার কপি।

সংযুক্তিঃ ৩। প্রস্তাবিত পাম্প কম্পাউন্ডের নকশা।

সংযুক্তিঃ ৪। প্রস্তাবিত কাজের প্রাক্কলন।

বিষয়ঃ Painting of Boundary walls and installation of Barbed wires in different DTWs compound in IRP#1 কাজের অনুমোদন প্রসংগে।

০১। সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্টে ২ টি আয়রন রিমুভাল প্লান্ট, ৪৬ টি গভীর নলকূপ (তন্মধ্যে ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) ও ২ টি ৩৩/১১ কেভি বৈদ্যুতিক উপ-কেন্দ্রসহ অন্যান্য স্থাপনা সমূহ পরিচালনা ও পর্যবেক্ষণ করার জন্য আধুনিক অটোমোটেড স্ক্যাডা সিস্টেম রয়েছে। প্লানটের পানি উৎপাদন লক্ষ্যমাত্রা দৈনিক ১৫ কোটি লিটার। দৈনিক সকল গভীর নলকূপ হতে অপরিশোধিত পানি সংগ্রহ করে ২৬ কি.মি. পাইপ লাইনের মাধ্যমে আয়রন রিমুভাল প্লান্ট-১ এর আওতায় পরিশোধন করে Over Ground Reservoir (OGR) হতে বুস্টারিং করে ১২০০ মি.মি. ব্যাসের পাইপ দিয়ে আমিনবাজার, গাবতলী হয়ে মীরপুর (জোন-৪, জোন-১০) এলাকায় দৈনিক প্রায় ১৪ (চৌদ্দ) কোটি লিটার সুপেয় পানি সরবরাহ করা হয়।

০২। আলোচ্য প্লান্ট-এর আওতায় ৪৫ টি গভীর নলকূপ (বাকী ১ টি নলকূপের কাজ অসমাপ্ত রয়েছে) রয়েছে। উক্ত গভীর নলকূপ গুলো থেকে গভীর নলকূপ কম্পাউন্ড ১-২০, ১-২১ ও ১-২২ এর বাউন্ডারি দেয়ালের প্লাস্টার নষ্ট ও ফাটল দেখা দিয়েছে। এছাড়া গভীর নলকূপ কম্পাউন্ড ২০২ ও ২২১ এর বাউন্ডারি দেয়ালের উপর কোন প্রকার সিকিউরিটি ফেলিং না থাকায় উক্ত কম্পাউন্ড গুলো নিরাপত্তা ঝুঁকিতে রয়েছে। সেইসাথে পাম্প কম্পাউন্ডের মেইন গেইট, পাম্প হাউজের গেইট ও সাটার গুলোতে সমস্যা থাকায় তা মেরামত করা প্রয়োজন।

০৩। সেপ্রেক্ষিতে আলোচ্য কাজের আওতায় বাউন্ডারি দেয়াল মেরামত, বাউন্ডারি ফেলিং রং, বাউন্ডারি দেয়ালের উপর সার্কুলার বার্বেড ওয়্যার স্থাপন, পাম্প কম্পাউন্ডের গেইট ও সাটার মেরামত কাজের জন্য PWD SoR 2022 এবং পূর্বানুমোদিত দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে (সংযুক্তিঃ ০৪)। যাতে কাজের প্রাক্কলিত ব্যয় দাঁড়িয়েছে সর্বমোট টাঃ ৪,৯৮,২৩৪.৬৫৮/- (চার লক্ষ আটানব্বই হাজার দুইশত চৌত্রিশ দশমিক ছয় পাঁচ আট) মাত্র। আলোচ্য কাজটি SKWP এর ২০২৫-২৬ ইং অর্থ বছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর ক্রমিক নংঃ ১২ এর 'বাউন্ডারি ওয়াল রক্ষণাবেক্ষণ' খাত (সংযুক্তিঃ ০১) হতে এবং অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নংঃ ১২২ এর প্যাকেজ W71 এ অন্তর্ভুক্ত আছে (সংযুক্তিঃ ০২)।

০৪। এমতাবস্থায়, অনুচ্ছেদ ১.০ হতে ৩.০ পর্যন্ত বর্ণনার প্রেক্ষিতে ঢাকা ওয়াসার "সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট"-এর বাউন্ডারি দেয়াল মেরামত কাজের জন্য Painting of Boundary walls and installation of Barbed wires in different DTWs compound in IRP#1 শীর্ষক কাজটি সম্পাদনের লক্ষ্যে নিম্নবর্ণিত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) সরবরাহ কাজটি সম্পাদনের জন্য PPO (Revised) 2025 এবং PPR-2025 এর বিধি ৭৮ অনুযায়ী উন্মুক্ত দরপত্র পদ্ধতি (OTM) এর e-GP প্রক্রিয়ায় দরপত্র আহ্বানের অনুমোদন;

খ) উপস্থাপিত দাপ্তরিক প্রাক্কলিত সর্বমোট টাঃ ৪,৯৮,২৩৪.৬৫৮/- (চার লক্ষ আটানব্বই হাজার দুইশত চৌত্রিশ দশমিক ছয় পাঁচ আট) টাকা মাত্র টাকার প্রাক্কলনের আর্থিক, কারিগরি ও প্রশাসনিক অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট-এর ২০২৫-২৬ ইং অর্থবছরের বরাদ্দকৃত বাজেটের 'পরিচালন ব্যয়' এর 'বাউন্ডারি ওয়াল রক্ষণাবেক্ষণ' খাত হতে নির্বাহের প্রশাসনিক অনুমোদন।

আলোচ্য প্রস্তাবনাসমূহ অনুমোদনের ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

১২/১০/২৫

মোঃ আবুল কালাম আজাদ
উপ-সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

২২/১০/২৫

জাফর ইকবাল চৌধুরী
সহকারী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা

২২/১০/২৫

মোঃ নাফিজ ইমতিয়াজ
নির্বাহী প্রকৌশলী
সাভার-কেরানীগঞ্জ ওয়েলফিল্ড প্লান্ট, ঢাকা ওয়াসা।

১৫/১০/২৫

মিজা গোলাম কিবরিয়া
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
পানি ও পয়ঃ পোষণাপার সার্কেল
ঢাকা ওয়াসা।

২২/১০/২৫

প্রকৌশলী মোঃ আব্দুস সালাম ব্যাপারী
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা